# এলজিইডি-সিটিজেন চার্টার

**ভূমিকা ঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,স্থানীয় সরকার বিভাগের সহিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমুহকে কারিগরী সহায়তা প্রদান,পল্লী ও শহর অঞ্চলের অবকাঠামো উন্নয়ন ও রক্ষনাবেক্ষণসহ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। একটা সময় ছিল যখন বাংলাদেশ গ্রামীণ এলাকার যোগাযোগ অবকাঠামো ছিল অত্যন্ত নাজুক। আজ এলজিইডির মাধ্যমে ব্যাপক উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে দেশের সর্বত্র গ্রামীণ যোগাযোগের ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন এসেছে। আজ গ্রামের উৎপাদিত ফসল বাজারজাতকরণ ও পরিবহন সুবিধা বৃদ্ধি পেয়ে কৃষকের উৎপাদিত পন্যের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত হয়েছে। এছাড়াও পরিবেশের ভারসাম্য সংরক্ষণ ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকারের জাতীয় কর্মসূচি বাস্তবায়নেও এলজিইডি গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ও উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় এলজিইডি বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করছে। সিটিজেন চার্টার হল জনগনের সেবা পাওয়ার অধিকারের লিখিত সনদ এর মাধ্যমে জনগনের আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটিয়ে বিদ্যমান সেবা সমুহের মান উন্নয়নের সুযোগ সৃষ্ঠি হয়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহণকারীদের যথাসময়ে সেবা প্রদান নিশ্চিত করা হয়। সেবা প্রদানকারী কর্তৃপক্ষের কর্মকাজের দক্ষতা, জবাবদিহিতা ও প্রশাসনের গতিশীলতা বৃদ্ধি পায় । সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহণকারী ও প্রদানকারীর মধ্যে পারস্পারিক সম্পর্ক বৃদ্ধি পায়।

## *এলজিইডি'র মূখ্য দায়িত্বাবলীঃ*

০১ পল্লী ও নগর অঞ্চলে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ ;

০২ পল্লী অবকাঠামো রক্ষনাবেক্ষণ;

০৩ গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন ,বাস্তবায়ন ও পরিবীক্ষণ ;

০৪ ইউনিয়ন, উপজেলা, জেলা পরিষদ ও পৌরসভাকে কারিগরী সহায়তা প্রদান;

০৫ ইউনিয়ন, উপজেলা ও পৌরসভা প্লানবুক, ম্যাপিং ও সড়ক এবং সামাজিক অবকাঠামোর ডাটাবেজ প্রস্তুত করণ;

০৬ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ ;

০৭ বিভিন্ন মন্ত্রণালয়ের অবকাঠামো উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন ও পরিবীক্ষণ ;

০৮ জনপ্রতিনিধি ,উপকারভোগী,ঠিকাদার, চুক্তিবদ্ধ শ্রমিকদল সমূহের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকান্ডের প্রশিক্ষণ;

০৯ ডিজাইন ও অন্যান্য কারিগরী মডেল,ম্যানুয়েল ও স্পেসিফিকেশন প্রনয়ন;

১০ এলজিইডি'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি;

## ***এলজিইডির খাতওয়ারী প্রধান পধান কর্মকান্ডঃ***

| গ্রামীণ অবকাঠামো | নগর অবকাঠামো | ক্ষুদ্রাকার পনি সম্পদ উন্নয়ন |
|---|---|---|
| সড়ক নির্মাণ /পুননির্মাণ/পুর্নবাসন<br>ব্রীজ/কালভার্ট নির্মান/পুননির্মাণ<br>গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়নে<br>ঘাট/জেটি নির্মাণ<br>ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ<br>উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ<br>ঘূর্নিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ/<br>পুননির্মাণ<br>বৃক্ষরোপন কর্মসূচী<br>ক্ষুদ্র-ঋণ কর্মসূচী<br>কৃষি,মৎস্য ও পশু সম্পদ উন্নয়ন | সড়ক ফুটপাত নির্মাণ/পুননির্মাণ<br>নর্দমা নির্মাণ/পুননির্মাণ<br>বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ<br>বাজার উন্নয়ন<br>টাউন সেল্টার নির্মান<br>স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ<br>টিউবওয়েল স্থাপন<br>ক্ষুদ্র-ঋণ কর্মসুচী<br>বর্জ্য ব্যবস্থাপনা<br>বস্তি উন্নয়ন কার্যক্রম<br>নগর পরিচালনা উন্নতিকরণ<br>দারিদ্র বিমোচন<br>নগর প্রশাসনের সক্ষমতা বৃদ্ধি | বাঁধ নির্মাণ<br>স্লুইচ গেট নির্মাণ<br>ওবার ড্যাম নির্মাণ<br>খাল খনন ও পুনঃখনন<br>বন্যা নিয়ন্ত্রন,বাঁধ নির্মাণ/<br>পুনঃনির্মাণ<br>স্থানীয় পানি ব্যবস্থাপনা<br>সমবায় সমিতিকে (পারসস)<br>বিভিন্ন কারিগরী ও জীবিকা<br>উন্নয়নে সহায়তা প্রদান |

## ***সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণঃ***

সিটিজেন চার্টারের বর্ণিত সেবা নির্ধারিত সময়সীমার মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ঠ ভুক্তভোগী লিখিত ভাবে সেবা প্রদান কর্তৃপক্ষের নিকট অভিযোগ করতে পারবেন। সেবা প্রদান কর্তৃপক্ষ অভিযোগ পাওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে অভিযোগকারীর অভিযোগ আমলে নিয়ে বিষয়টি নিষ্পত্তি করবেন। অভিযোগকারী সেবা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সেবা প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণকারী পরবর্তী উধ্বর্তন কর্তৃপক্ষের নিকট আপিল আবেদন করতে পারবেন। আপিল কর্তৃপক্ষ আপিল পাওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবেন এবং সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিত নির্দেশনা দিবেন। অত্র দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) ও নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) যথাক্রমে আপিল কর্তৃপক্ষ (আরটিআই) এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসাবে দায়িত্ব পালন করবেন। বর্ণিত কর্মকর্তাদের সাথে টেলিফোনে সার্বক্ষনিক যোগাযোগ করা যাবে।

যোগাযোগের টেলিফোন নম্বর ঃ +৮৮০২৪৭৭৭৪৩৬৬৯